

﴿ ﴿ ﴾ مুহাম্মদ | Muhammad | مُحَمَّد

আয়াতঃ ৪৭ : ২৯

আরবি মূল আয়াত:

أَمْ حَسِبَ الَّذِينَ فِي قُلُوبِهِمْ مَرَضٌ أَنْ لَنْ يُخْرِجَ اللَّهُ أَضْغَانَهُمْ ﴿ ٢٩ ﴾

Aর্থ অনুবাদসমূহ:

নাকি যাদের অন্তরে ব্যাধি রয়েছে তারা ধারণা করেছে যে, আল্লাহ তাদের গোপন বিদ্রেষভাব প্রকাশ করে দিবেন না? — আল-বায়ান

যাদের অন্তরে রোগ আছে তারা কি মনে করে যে, আল্লাহ কক্ষনো তাদের লুকানো বিদ্রেষভাব প্রকাশ করে দিবেন না? — তাইসিরুল

যাদের অন্তরে ব্যাধি আছে তারা কি মনে করে যে, আল্লাহ তাদের বিদ্রে ভাব প্রকাশ করে দিবেননা? — মুজিবুর রহমান

Or do those in whose hearts is disease think that Allah would never expose their [feelings of] hatred? — Sahih International

২৯. নাকি যাদের অন্তরে রোগ আছে তারা মনে করে যে, আল্লাহ কখনো তাদের বিদ্রেষভাব প্রকাশ করে দিবেন না?(১)

(১) صفحان এর বহুবচন। এর অর্থ গোপন শক্তি ও বিদ্রে। [বাগভী, ফাতভুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(২৯) যাদের অন্তরে ব্যাধি আছে, তারা কি মনে করে যে, আল্লাহ তাদের বিদ্রে ভাব কখনই প্রকাশ করবেন না? [1]

[1] ضفَّانْ এর বহুবচন। যার অর্থ হিংসা ও বিদ্রে। মুনাফিকদের অন্তরে ইসলাম ও মুসলিমদের বিরুদ্ধে হিংসা ও বিদ্রে ছিল। এ ব্যাপারেই বলা হচ্ছে যে, তারা কি মনে করে যে, মহান আল্লাহ তা প্রকাশ করার ক্ষমতা রাখেন না?

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4574>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন